ঝিনাইদহে ফসলি জমির মাটি কেঁটে বিক্রয়ের অপরাধে জরিমানা

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ফসলি জমির মাটি কেঁটে অবৈধভাবে বিক্রি করার অপরাধে বসির উদ্দীন নামে এক মাটি ব্যবসায়ীকে ১ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) দুপুরের দিকে উপজেলার সাতব্রীজ বাজার এলাকার মাঠে অভিযান পরিচালনা করে এ জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত।

হরিণাকুন্ডু উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এ সময় ভ্রাম্যমাণ আদালত ফসলি জমি থেকে অবৈধভাবে মাটি উত্তোলন করে বিক্রি করার সত্যতা পান। সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা ২০১০ সংশোধিত আইন ২০২৩ এর ১৫(১) ধারায় মাটি বিক্রেতা বসির উদ্দিনকে ১লাখ টাকা জরিমানা করা হয়েছে।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায় বলেন, অবৈধভাবে ফসলি জমি থেকে মাটি কাঁটা, উত্তোলন ও বিক্রির অপরাধে ১ লাখ টাকা অর্থদন্ড করা হয়েছে। কৃষি জমি রক্ষায় ভ্রাম্যমাণ আদালতের এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।